"মুজিব বর্ষের আহ্বান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০
কর্মসংস্থানশাখা
www.bmet.gov.bd

স্মারক নং: ৪৯.০১.০০০০.০২০.৩১.৩২৩.১৮ – ৮৮২৮ তারিখ: ১৩/১০/২০২০ খ্রিঃ।

**বিষয়: সৌদি আরবগামী প্রবাসী কর্মীদের পিসিআর কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষাটি শুধুমাত্র ঢাকায় সম্পন্ন হবে এ তথ্যটি প্রচার প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) স্মারক নং:-৪৯.০০.০০০০.০২৪.০০.০০৬.২০.১০১৯ তারিখ: ২২/০৯/২০২০ খ্রিঃ।
(খ) স্মারক নং:-৩০.০০.০০০০.০১৪.২৮.০০১.২০১৮-২৬১ তারিখ: ২০/০৯/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "সৌদি আররগামী যাত্রীদের পিসিআর কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষাটি শুধুমাত্র ঢাকায় সম্পন্ন হবে" এ তথ্যটি সৌদি আরবগামী প্রবাসী কর্মীদের নিকট ব্যাপক প্রচারণার জন্য জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস, টিটিসি/আইএমটি সমূহ এবং বায়রা সহ সকল রিক্রুটিং এজেন্টকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৩.১০.২০
(ডি এম আতিকুর রহমান)
উপসচিব
পরিচালক (কর্মসংস্থান)
ফোন-৮৩০০৫৬৫

অনুলিপিঃ

০১. পরিচালক (প্রশাসন ও অর্থ/ কর্মসংস্থান/ বহির্গমন ও প্রটোকল/ প্রশিক্ষণ পরিচালনা/ প্রশিক্ষণমান ও পরিকল্পনা), বিএমইটি, ঢাকা।
০২. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, বিএমইটি, ঢাকা, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪. অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (সকল)।
০৫. সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস( সকল)......................................................।
০৬. সভাপতি/ মহাসচিব, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল, রিক্রুটিং এজেন্সিজ (বায়রা), ১৩০ নিউ ইস্কাটর রোড।

"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কল্যাণ শাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০২৪.০০.০০৬.২০/১০১৭ তারিখ: ২২/০৯/২০২০ খ্রিঃ।

বিষয়: 'সৌদি আরবগামী প্রবাসী কর্মীদের পিসিআর কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষাটি শুধুমাত্র ঢাকায় সম্পন্ন হবে' এ তথ্যটি ব্যাপক প্রচারের ব্যবস্থাকরণ।

সূত্র: বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের স্মারক নং- ৩০.০০.০০০০.০১৪.২৮.০০১.২০১৮-২৬১, তারিখ: ২০ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে 'সৌদি আরবগামী যাত্রীদের পিসিআর কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষাটি শুধুমাত্র ঢাকায় সম্পন্ন হবে'। এ তথ্যটি সৌদিআরবগামী প্রবাসী কর্মীদের নিকট ব্যাপক প্রচারণার জন্য জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস, টিটিসি/আইএমটিসমূহ এবং সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্টগণকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২২/৯/২০২০
(শাহীনা ফেরদৌসী)
উপসচিব
ফোন- ৪১০৩০২৫১
ইমেইলঃ dswelfare@probashi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
২। মহাসচিব, বায়রা, ১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। যুগ্মসচিব সচিব (মিশন্স ও কল্যাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-২ অধিশাখা
www.mocat.gov.bd

বিষয়: কোভিড-১৯ সংক্রমণ পরিস্থিতি বিবেচনায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড কর্তৃক বাংলাদেশ হতে সৌদিআরবে ফ্লাইট পরিচালনার বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মহিবুল হক
সিনিয়র সচিব
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
তারিখ : ২০ সেপ্টেম্বর ২০২০
সময় : সকাল ১১.০০ টা
স্থান : Zoom অ্যাপসের মাধ্যমে ভার্চুয়াল সভা।

২. সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত।

৩. **আলোচনা:**

৩.১ সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার সকলের অবগতির জন্য জানান যে, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড (বিমান) ঢাকা-সৌদিআরব ফ্লাইট পরিচালনার উদ্যোগ গ্রহন করেছে। সৌদি কর্তৃপক্ষ নিয়মিত ফ্লাইট চলাচল উন্মুক্ত না করলেও শর্ত সাপেক্ষে নন-সিডিউল চার্টার্ড ফ্লাইট পরিচালনা জন্য উন্মুক্ত করেছে। এক্ষেত্রে বিমান কোন ধরণের সমস্যার সম্মুখীন হচ্ছে কিনা এবং সমস্যা সমাধানের উপায় নিয়ে সিদ্ধান্ত গ্রহনের নিমিত্ত এ সভার আয়োজন করা হয়েছে। তিনি ব্যবস্থাপনা পরিচালক, বিমান কে তার বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

৩.২ ব্যবস্থাপনা পরিচালক, বিমান জানান যে, সৌদিআরবের সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ গত ১৫ সেপ্টেম্বর ২০২০ তারিখে আন্তর্জাতিক সিডিউল ফ্লাইট খুলে দেয়ার ঘোষনা করে। এক্ষেত্রে যাদের বৈধ ভিসা রয়েছে, আকামার মেয়াদ রয়েছে, কিংবা রেসিডেন্সিয়াল ভিসা রয়েছে তারা সৌদিআরবে গমন করতে পারবে। তবে সৌদিআরবে পৌঁছানোর সময় হতে ৪৮ ঘন্টার মধ্যে পিসিআর ভিত্তিক কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষার সনদের বাধ্যবাধকতা আরোপ করেছে। পরবর্তীতে ১৭ সেপ্টেম্বর ২০২০ তারিখে আন্তর্জাতিক রুটে সিডিউল ফ্লাইট ৩০ সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত বন্ধ ঘোষণা করে। তবে নন-সিডিউল ফ্লাইট অপারেশন করতে পারবে মর্মে সৌদি কর্তৃপক্ষ অবহিত করে। এ প্রেক্ষাপট বর্ণনা করে ব্যবস্থাপনা পরিচালক, বিমান সৌদিআরবে প্রকৃতপক্ষে বৈধ ভিসাধারী ব্যক্তিবর্গ গমন করতে পারবেন কিনা এ বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতি অনুরোধ জানান। একইসাথে ২৪ ঘন্টার মধ্যে পিসিআর ভিত্তিক কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষার সনদ প্রদানের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করা যাবে কিনা -এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের মনোযোগ আকর্ষণ করেন।

৩.৩ জনাব মো: মহিবুর রহমান, অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ সভার সকলের অবগতির জন্য জানান যে, বিমান টিকেটের সাথে একটি টোকেন সরবরাহ করলে সে অনুযায়ী তারা ২৪ ঘন্টার মধ্যে পিসিআর ভিত্তিক কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষার ফলাফল প্রদান করতে পারবে। সভায় সৌদিআরবের ক্ষেত্রে কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষা কেবলমাত্র ঢাকায় করা হবে মর্মে সকলে একমত পোষণ করেন। বিমানের টিকেট বিক্রির সময় বিমান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সৌদিআরবগামী সকলকে এ বিষয়টি অবহিত করবে মর্মে সকলে একমত পোষণ করেন।

৩.৪ চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি) জানান যে, বিমান নন-সিডিউল ফ্লাইট পরিচালনা করলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদনের প্রয়োজন হবে না। তবে বিশেষ চার্টার্ড ফ্লাইট পরিচালনা করলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদনের প্রয়োজন হবে। নন-সিডিউল ফ্লাইট পরিচালনার বিষয়টি সৌদি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি বিমানের নন-সিডিউল ফ্লাইট পরিচালনার বিষয়টি সৌদি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন প্রদানের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহায়তা কামনা করেন। চেয়ারম্যান, সিএএবি আরো জানান যে, ইতোমধ্যে সৌদি এয়ারলাইন্সকে দুটি সিডিউল ফ্লাইটের অনুমতি প্রদান করা হয়েছে। সৌদি কর্তৃপক্ষ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সকে সিডিউল ফ্লাইটের অনুমতি প্রদান না করলে সৌদিআরবের এয়ারলাইন্সের সিডিউল ফ্লাইট পরিচালনার অনুমতি বাতিল করা হবে। এ বিষয়ের প্রতি পররাষ্ট্র মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়।

৩.৫ পররাষ্ট্র সচিব সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ দূতাবাস, সৌদিআরবের সাথে যোগাযোগ করে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক নন-সিডিউল ফ্লাইট পরিচালনার বিষয়টি সৌদিআরবের সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন প্রদান করা হবে কিনা-এ বিষয়ে যথাযথ তথ্য উপাত্ত সংগ্রহ করে সংশ্লিষ্টদেরকে অবহিত করার উদ্যোগ গ্রহন করবেন। তিনি বিমান কবে সৌদিআরবের কোন শহরে ফ্লাইট পরিচালনা করবে এ সংক্রান্ত তথ্য সরবরাহের জন্য অনুরোধ জানান। পিসিআর ভিত্তিক কোভিড-১৯ সংক্রমণ

পরীক্ষার বিষয়টি যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। যাতে করে বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি অক্ষুন্ন থাকে। স্বাস্থ্য সেবা বিভাগের পক্ষ থেকে জানানো হয় যে, কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষার ফলাফল কোন ভাবেই শতভাগ নিশ্চিত করা সম্ভব নয়।

৩.৬ সভাপতি সকলের আলোচনার প্রেক্ষিতে সৌদিআরবগামী যাত্রীদের ঢাকায় ২৪ ঘন্টার মধ্যে পিসিআর ভিত্তিক কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষার বিষয়টি স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক নিশ্চিত করার সিদ্ধান্ত নিশ্চিত করেন। একইসাথে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স টিকেটের সাথে একটি টোকেন সরবরাহ করবে এবং শুধুমাত্র ঢাকায় কোভিড-১৯ পরীক্ষা হবে মর্মে বিষয়টি প্রচার করবে। বিমানের পক্ষ থেকে জানানো হয় যে, তারা ইত:পূর্বে সিলেট কিংবা চট্টগ্রাম থেকে সৌদিআরবের বিভিন্ন গন্তব্যের যে টিকেট ক্রয় করা হয়েছিল তার পরিবর্তে ঢাকা থেকে সৌদিআরবের বিভিন্ন গন্তব্যের টিকেট সরবরাহ করবে। এছাড়া ব্যবস্থাপনা পরিচালক, বিমান আরো জানান যে, ১৬-২২ মার্চ ২০২০ তারিখের মধ্যে যাদের টিকেট ক্রয় করা ছিল তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে সৌদিআরবের বিভিন্ন গন্তব্যে যাওয়ার টিকেট সরবরাহ করা হবে। পরবর্তীতে অন্যদের বিষয়টি বিবেচনা করা হবে। সভাপতি এ বিষয়টি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানান। অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ জানান যে, সৌদিআরবে পৌঁছানোর পর সেখানে কিছু বিধি-বিধান পালনের বাধ্যবাধকতা রয়েছে, এ বিষয়ে সৌদিআরবগামী যাত্রীদেরকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় অবহিত করতে পারেন। সভাপতি এ বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে অনুরোধ জানান।

৪. **সিদ্ধান্তঃ**

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

(ক) সৌদিআরবে বিমানের নন-সিডিউল ফ্লাইট পরিচালনা এবং বৈধ ভিসাধারীগন সৌদিআরব গমনের বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সিএএবি নিশ্চিত করবে।

(খ) বিমান সৌদিআরবগামী যাত্রীদের টিকেটের সাথে একটি টোকেন সরবরাহ করবে। স্বাস্থ্য সেবা বিভাগ সৌদিআরব গমনকারীদের জন্য পৃথক বুথের ব্যবস্থা করবে এবং টোকেন অনুযায়ী ২৪ ঘন্টার মধ্যে পিসিআর ভিত্তিক কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষার ফলাফল প্রদানের উদ্যোগ গ্রহণ করবে।

(গ) সৌদিআরবগামী যাত্রীদের পিসিআর কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষাটি শুধুমাত্র ঢাকায় সম্পন্ন করা হবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি: এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বিষয়টি প্রচার করবে।

(ঘ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি: কেবলমাত্র ঢাকা থেকে সৌদিআরবের বিভিন্ন গন্তব্যের টিকেট সরবরাহ করবে। একইসাথে ১৬-২২ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত যাদের টিকেট ক্রয় করা ছিল তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে সৌদিআরব গমনের জন্য টিকেট সরবরাহ করবে।

(ঙ) সৌদিআরবে পৌঁছানোর পর সেখানকার বিধি-বিধান পালনের বাধ্যবাধকতা বিষয়টি বাংলায় প্রস্তুত করে সৌদিআরবগামী যাত্রীদেরকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় অবহিত করার ব্যবস্থা গ্রহণ করবে।

৫. অত:পর আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২০-০৯-২০২০
(মোঃ মহিবুল হক)
সিনিয়র সচিব

নং-৩০.০০.০০০০.০১৪.২৮.০০১.২০১৮ -২৬৯

তারিখ : ২০.০৯.২০২০খ্রিঃ

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা,ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি:, কুর্মিটোলা, ঢাকা।
৭। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
৯। অতিরিক্ত-সচিব (বিমান ও সিএ), যুগ্ম-সচিব (সিএ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ মন্ত্রণালয়।

20-09-2020
(রোকসিন্দা ফারহানা)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯১৯৩
E-mail:dsca2@mocat.gov.bd

F:\Local Disk(D)\Meeting Regulation, 2020.doc